

ফাতওয়া নাম্বার: ২৫১

প্রকাশকাল: ২৪-০৫-২০২২ ইং

ফুফুর স্বামী কি দাদার পরিত্যক্ত সম্পদে অংশীদার হবেন?

প্রশ্নঃ

আমার এক ফুফু তার বিয়ের কদিন পরই মারা যান। তখনো দাদার রেখে যাওয়া সম্পদ বাবা, চাচা ও ফুফুদের মাঝে বণ্টন করা হয়নি। যখন বণ্টন করা হয় তখন মৃত ফুফুর স্বামীকে সেই সম্পদ থেকে কোনো কিছু দেয়া হয়নি। পরবর্তীতে তিনি তা দাবি করেন। আমার প্রশ্ন হল, তিনি কি দাদার পরিত্যক্ত সম্পদে অংশীদার হবেন?

প্রশ্নকারী- গোলাম রাবিব

উত্তরঃ

হ্যাঁ, প্রশ্নোক্ত সূরতে আপনার ফুফুর স্বামী আপনার দাদার রেখে যাওয়া সম্পদে অংশ পাবেন। আপনার দাদা মারা যাওয়ার সময় যেহেতু আপনার ফুফু জীবিত ছিলেন, তাই আপনার ফুফু দাদার সম্পত্তির ওয়ারিশ হবেন; যদিও বণ্টন করার সময় ফুফু জীবিত ছিলেন না। তাই প্রথমে দাদার সম্পত্তি ফুফুসহ বাকি ওয়ারিশদের মাঝে বণ্টন করতে হবে। ফুফু যে অংশ পাবেন, তা সহ ফুফুর রেখে যাওয়া অন্যান্য সম্পদ (যার মধ্যে অনাদায়ী মহরও অন্তর্ভুক্ত) ইসলামি শরীয়াহ মোতাবেক তার ওয়ারিশদের মাঝে বণ্টন করতে হবে। মৃত স্ত্রীর সম্পত্তির যতটুকু আপনার ফুফুর স্বামী পাবেন, তা তাকে বুকিয়ে দিতে হবে।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৫-১০-১৪৪৩ হি.

০৭-০৫-২০২২ ই.

